১।	<u>বয়স্কভাতা প্রদান কর্মসূচী বাস্তবায়ন নীতিমালা</u>

পটভুমি ঃ দেশের দুঃস্থ, অবহেলিত, পশ্চাৎপদ, দরিদ্র, এতিম, প্রতিবন্ধী এবং অনগ্রসর মানুষের কল্যাণ ও উন্নয়নের ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের রয়েছে ব্যাপক ও বহুমুখী কর্মসূচী। এর মধ্যে বয়স্ক ভাতা কার্যক্রম একটি অন্যতম কর্মসূচী। দেশের স্বাস্থ্য সেবা, পুষ্টি সরবরাহ কার্যক্রম এবং চিকিৎসা সুবিধার প্রভুত উন্নতির ফলে জনগণের গড় আয়ু বৃদ্ধি পেলেও তাঁদেরকে আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্ত করার সুযোগ তেমনভাবে বৃদ্ধি পায়নি। ফলে জীবন সায়াহ্নে এসে বয়স্ক জনগোষ্ঠীর একাংশ সমাজের বোঝা হয়ে দাঁড়াচ্ছে। এ বয়স্ক জনগোষ্ঠীর ভরণ-পোষণ এবং পরিবারে তাদের ভূমিকা ও যথাযথ মর্যাদা না দেয়ার কারণে অনেক ক্ষেত্রে যৌথ পরিবারে ভাঙণের সৃষ্টি হচ্ছে। এর ফলে বয়োজ্যেষ্ঠ ব্যক্তিগণ সবচেয়ে বেশী ক্ষতির সম্মুখীন হচ্ছেন। বিত্ত ও সামর্থহীন বার্ধক্যপীড়িত এ জনগোষ্ঠী নিরাপত্তাহীনতায়ও ভুগছেন। অনেক ক্ষেত্রে তাঁরা পরনির্ভরশীল ও অন্যের গলগ্রহ হয়ে মানবেতর জীবন যাপন করছেন।

দেশের বয়স্ক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় এনে পৃথিবীর অন্যান্য কল্যাণ রাষ্ট্রের ন্যায় তাদেরকে আর্থিক অনুদান প্রদানের মাধ্যমে মনোবল জোরদার,পরিবারে তাদের মর্যাদা বৃদ্ধি ও নিরাপত্তাবোধ ফিরিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশ সরকার ১৯৯৮ সালে দুঃস্থ ও বার্ধক্যে আক্রান্ স্বল্প উপার্জনক্ষম অথবা উপার্জনে অক্ষম বয়স্ক জনগোষ্ঠীর জন্য বয়স্ক ভাতা কার্যক্রম প্রবর্তন করে। সীমিত পর্যায়ে দেশের সকল ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ডের ১০ জন সর্বাপেক্ষা বয়োজ্যেষ্ঠ ব্যক্তিকে মাসে ১০০/- টাকা হারে ভাতা প্রদানের আওতায় আনা হয়। ভাতাপ্রাপ্ত ব্যক্তির মধ্যে অর্ধেকসংখ্যক মহিলা হিসেবে নির্ধারণ করা হয়। ২০০২-০৩ অর্থ বছরে ভাতার পরিমাণ বৃদ্ধি করে ১০০/- টাকার স্থলে মাথাপিছু ১২৫/- টাকা হারে নির্ধারণ করা হয়। একইসঙ্গে ভাতাভোগীর সংখ্যাও বাড়ানো হয়। পরবর্তীতে পর্যায়ক্রমে ভাতার পরিমাণ ও ভাতাভোগীর সংখ্যা বাড়িয়ে বর্তমান ২০০৪-০৫ অর্থ বছরে এ ভাতার পরিমাণ মাথাপিছু ১৬৫/- টাকায় উন্নীতকরণ এবং ভাতাভোগীদের সংখ্যা ১৩ লক্ষ ১৫ হাজারে নির্ধারণ করা হয়েছে। এ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে এবং একই সঙ্গে প্রকৃত বয়স্ক ও দরিদ্র ব্যক্তিগণ যাতে এ ভাতা ভোগ করার সুযোগ লাভ করতে পারেন সে জন্য ভাতাভোগীদের বয়স ৬৫তে উন্নীতকরণ এবং ভাতাভোগী নির্বাচনের দায়িত্ব গ্রাম সরকারকে প্রদান করা হয়েছে।

২।	<u>বাস্তবায়ন কাঠামো</u> ঃ

দেশের ৬৪টি জেলার সকল উপজেলার পল্লী এলাকার ইউনিয়ন ও পৌরসভাসমূহের সকল ওয়ার্ডে জনসংখ্যার আনুপাতিক হারে সর্বাপেক্ষা বয়োজ্যেষ্ঠ ও দরিদ্র ব্যক্তিকে প্রতিমাসে বয়স্কভাতা প্রদান করা হচ্ছে।

৩।	<u>বাস্তবায়ন কর্তৃপক্ষ</u> ঃ

(ক) সমাজকল্যাণ মন্ত্রণালয় বয়স্কভাতা প্রদান কর্মসূচী বাস্তবায়ন করে। এ বাস্তবায়ন প্রক্রিয়া সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সম্পাদিত হয়।

(খ) এ কর্মসূচী সার্বিকভাবে তত্ত্বাবধানের জন্য মাননীয় অর্থ মন্ত্রীর নেতৃত্বে একটি মন্ত্রিসভা কমিটি রয়েছে (পরিশিষ্ট-ক)। মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মাননীয় প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় উক্ত কমিটির সদস্য। সমাজকল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে। কমিটি প্রতি ৩ মাসে একবার বৈঠকে মিলিত হবে। প্রতি বছর মার্চ মাসে কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হবে এবং উক্ত সভায় বয়স্ক ভাতা প্রদান কর্মসূচীর পূর্ববর্তী বছরের সার্বিক মূল্যায়ণ ও পরবর্তী বাজেট নির্ধারণ করা হবে।

৪। প্রার্থী নির্বাচনের মানদন্ড ঃ

(ক) বয়স ঃ সর্বোচ্চ বয়স্ক ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করতে হবে। তবে সর্বনিম্ন ৬৫ বছর বয়স্ক না হলে কোন ব্যক্তি ভাতা প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন না। তবে যারা পূর্ব থেকে ভাতা ভোগ করে আসছেন তাঁরাও ভাতা পেতে থাকবেন।

(খ) প্রার্থীর বার্ষিক গড় আয় ঃ অনুর্ধ ৩০০০/-(তিন হাজার) টাকা।

(গ) স্বাস্থ্যগত অবস্থা ঃ (১) যিনি শারীরিকভাবে অক্ষম অর্থাৎ সম্পূর্ণরূপে কর্মক্ষমতাহীন তাঁকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে ।

(২) শারীরিকভাবে অসুস্থ, মানসিকভাবে অপ্রকৃতিস্থ, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী ও আংশিক কর্মক্ষমতাহীন ব্যক্তিগণকে ক্রমানুসারে অগ্রাধিকার দেয়া হবে।

(ঘ) আর্থ-সামাজিক অবস্থা ঃ

(১) মুক্তিযোদ্ধা ঃ বয়স্ক মুক্তিযোদ্ধাকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হবে।

(২) আর্থিক অবস্থার ক্ষেত্রে ঃ নিঃস্ব, উদ্বাস্তু ও ভূমিহীনগণকে ক্রমানুসারে অগ্রাধিকার দেয়া হবে।

(৩) সামাজিক অবস্থার ক্ষেত্রে ঃ বিধবা, তালাকপ্রাপ্তা, বিপত্নীক, নিঃসন্তান পরিবার থেকে বিচ্ছিন্ন ব্যক্তিগণকে ক্রমানুসারে অগ্রাধিকার দেয়া হবে।

(ঙ) বিভিন্ন খাতে খরচ ঃ প্রার্থীর খাদ্য, স্বাস্থ্য/চিকিৎসা, বাসস্থান ও অন্যান্য খাতে তাঁর বাষিক আয় কি অনুপাতে খরচ করেন তা বিবেচনা করতে হবে। খাদ্য বাবদ যার সমুদয় আয়ের অর্থ ব্যয় হয়ে যায়, স্বাস্থ্য/চিকিৎসা বাসস্থান ও অন্যান্য খাতে ব্যয় করার জন্য কোন অর্থ অবশিষ্ট থাকে না তাঁকে অগ্রাধিকার দেয়া হবে।

(চ) ভূমির মালিকানা ঃ ভূমিহীন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। এ ক্ষেত্রে বসতবাড়ী ব্যতীত কোন ব্যক্তির জমির পরিমাণ ০.৫ একর বা তার কম হলে তিনি ভূমিহীন বলে গণ্য হবেন।

৫। বয়স্ক ভাতা প্রাপ্তির অযোগ্যতাঃ

(ক) সরকারী কর্মচারী/পরিবারের সদস্য পেনশনভোগী হলে।

(খ) দুঃস্থ মহিলা হিসেবে ভিজিডি কার্ডধারী হলে।

(গ) অন্য কোনভাবে নিয়মিত সরকারী অনুদানপ্রাপ্ত হলে।

(ঘ) কোন বেসরকারী সংস্থা/সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান হতে নিয়মিতভাবে আর্থিক অনুদানপ্রাপ্ত হলে।

(ঙ) সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী হলে।

(চ) পেশাগত ক্ষেত্রে দিন মজুর, ঝি-এর কাজ এবং ভবঘুরে হলে ।

৬। প্রার্থী বাছাই পদ্ধতি ঃ

(ক) বয়স্ক ভাতা প্রদানের জন্য দরখাস্ত আহবান করে গণমাধ্যম, দৈনিক পত্রিকা ও স্থানীয়ভাবে সর্বসাধারণকে অবহিত করতে হবে।

(খ) উপজেলা পর্যায়ে বয়স্ক ভাতা গ্রহণে আগ্রহী আবেদনকারীগণ নির্ধারিত ছকে (পরিশিষ্ট-'খ') উপজেলা সমাজসেবা কর্মকর্তা এর বরাবরে আবেদনপত্র পেশ করবেন।

(গ) উপজেলা পর্যায়ে বয়স্ক ভাতা প্রদানের লক্ষ্যে প্রার্থী বাছাইয়ের জন্য উপজেলা পর্যায়ে একটি এবং ইউনিয়নে ওয়ার্ড পর্যায়ে গ্রাম সরকারের একটি কমিটি থাকবে।

(ঘ) ‘গ’ শ্রেণীর পৌরসভা পর্যায়ে বয়স্ক ভাতা গ্রহণে আগ্রহী আবেদনকারীগণ (পরিশিষ্ট-’খ’) উপজেলা সমাজসেবা কর্মকর্তা এর বরাবরে আবেদনপত্র পেশ করবেন।

(ঙ) ‘ক’ ও ‘খ’ শ্রেণীর পৌরসভা পর্যায়ে বয়স্ক ভাতা গ্রহণে আগ্রহী আবেদনকারীগণ (পরিশিষ্ট-’খ’) উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়ের বরাবরে আবেদনপত্র পেশ করবেন।

(চ) ‘ক’, ‘খ’ ও ‘গ’ শ্রেণীর পৌরসভায় বয়স্ক ভাতা প্রদানের লক্ষ্যে প্রার্থী বাছাইয়ের জন্য পৌরসভা পর্যায়ে একটি এবং ওয়ার্ড পর্যায়ে একটি কমিটি থাকবে।

৭। ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে গ্রাম সরকার কমিটি ঃ

৭.১ কমিটির গঠনঃ

(১)	সংশ্লিষ্ট ওয়ার্ডের নির্বাচিত সদস্য	..	সভাপতি
(২)	সংশ্লিষ্ট ওয়ার্ডের মহিলা সদস্য	..	উপদেষ্টা
(৩)	গ্রাম সরকার সদস্য/সদস্যাবৃন্দ (১৩) জন	..	সদস্য

৭.২ কমিটির কর্ম পরিধি ঃ

(১) বয়স্ক ভাতা প্রদানের জন্য প্রণীত নীতিমালার আলোকে প্রাথমিক ভাবে প্রার্থী বাছাই করে তালিকা প্রণয়ন করবে।

(২) চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে প্রণীত তালিকা সংশ্লিষ্ট উপজেলা কমিটির নিকট পেশ করবে।

(৩) প্রাথমিকভাবে প্রার্থী বাছাই সংক্রান্ত অভিযোগের নিস্পত্তি করবে তবে আপীলের প্রশ্ন দেখা দিলে তা উপজেলা কমিটিতে নিস্পত্তির জন্য প্রেরণ করবে।

৭.৩ নির্বাচন স্থগিত এমন ইউনিয়ন পরিষদে ওয়ার্ড কমিটি ঃ

(১)	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	..	সভাপতি
(২)	ইউনিয়ন পরিষদের সচিব	..	সদস্য
(৩)	সংশ্লিষ্ট ওয়ার্ডের ২ (দুই)জন গণ্যমাণ্য ব্যক্তি (১জন পুরুষ+১জন মহিলা) (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)	..	সদস্য
(৪)	সংশ্লিষ্ট ইউনিয়নের ইউনিয়ন সমাজকর্মী	..	সদস্য সচিব

৮। উপজেলা কমিটি ঃ

৮.১ কমিটির গঠনঃ

(১)	উপজেলা নির্বাহী অফিসার	..	সভাপতি
(২)	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ	..	সদস্য
(৩)	মুক্তিযোদ্ধা থানা কমান্ডের একজন প্রতিনিধি	..	সদস্য
(৪)	উপজেলা / জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা	..	সদস্য
(৫)	ম্যানেজার, সোনালী , জনতা,অগ্রণী, বাংলাদেশ কৃষি ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সংশ্লিষ্ট শাখা।	..	সদস্য
(৬)	স্থানীয় কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা	..	সদস্য
(৭)	গণ্যমাণ্য ব্যক্তি ৩ (তিন) জন (উপজেলা নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যদের সাথে আলোচনাক্রমে মনোনীত করবেন)	..	সদস্য

(৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা .. সদস্য সচিব

(৯) যে সব স্থানে প্রবীণ হিতৈষী সংঘের শাখা রয়েছে সে স্থানে প্রবীণ হিতৈষী সংঘের প্রতিনিধিকে উপজেলা কমিটি কর্তৃক কো-অপ্ট করা যাবে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ ব্যবস্থা নিবেন।

৮.২ কমিটির কর্মপরিধিঃ

(১) গ্রাম সরকার কর্তৃক বাছাইকৃত প্রার্থী তালিকা যাচাই/বাছাই পূর্বক চূড়ান্তকরণ।

(২) ভাতা প্রদান কার্যক্রম তদারকী করণসহ এ সংক্রান্ত যাবতীয় আপীল অভিযোগ নিস্পত্তিকরণ।

(৩) ভাতা প্রদানের জন্য প্রার্থী তালিকা চূড়ান্ত অনুমোদনকরণ।

(৪) ইউনিয়ন পর্যায়ে অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতাভোগীদের ভাতা প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ।

৯। স্থানীয় গণ্যমান্য ব্যক্তির সংজ্ঞা ঃ

(১) নেতৃস্থানীয় সমাজসেবক/সংগঠক।

(২) সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ সদস্য/সদস্যা।

(৩) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

(৪) ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান।

(৫) অবসরপ্রাপ্ত বেসামরিক/সামরিক কর্মকর্তা/কর্মচারী।

১০। পার্বত্য জেলা এবং অন্যান্য জেলায় অবস্থিত 'ক' ও 'খ' শ্রেণীর পৌর সভার জন্য ওয়ার্ড কমিটি ঃ

১০.১ কমিটির গঠন ঃ

(১) সংশ্লিষ্ট ওয়ার্ড হতে নির্বাচিত/মনোনীত ওয়ার্ড কমিশনার .. সভাপতি

(২) সংশ্লিষ্ট ওয়ার্ডের মহিলা কমিশনার .. সহ-সভাপতি

(৩) ২ (দুই) জন গণ্যমান্য ব্যক্তি (১ জন পুর"ষ ও ১ জন মহিলা) (কমিটির ১ম সভায় কমিটি এরূপ ২জনকে কো-অপ্ট করবে) .. সদস্য

(৪) পৌর সমাজকর্মী (যদি সংশ্লিষ্ট পৌর এলাকায় পৌর সমাজকর্মী না থাকে তবে সেক্ষেত্রে উপজেলা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক মনোনীত ১(এক) জন ইউনিয়ন সমাজকর্মী) .. সদস্য-সচিব

বিঃ দ্রঃ নির্বাচিত মহিলা কমিশনার যে ওয়ার্ডের বাসিন্দা তিনি সে ওয়ার্ডের ভাতা প্রদান বিষয়ক কমিটির সভাপতি হবেন এবং ওয়ার্ডের নির্বাচিত পুরুষ কমিশনার সহ-সভাপতি হবেন। অবশিষ্ট ২টি ওয়ার্ড কমিটিতে উক্ত নির্বাচিত মহিলা কমিশনার সহ-সভাপতি হবেন।

১০.২ কমিটির কর্মপরিধিঃ

১। বয়স্ক ভাতা কার্যক্রম নীতিমালার আলোকে প্রার্থী বাছাই করে তালিকা প্রণয়ন।

২। চুড়ান্ত অনুমোদনের লক্ষ্যে প্রণীত তালিকা সংশ্লিষ্ট পৌর সভা কমিটির নিকট পেশকরণ।

৩। প্রাথমিকভাবে প্রার্থী বাছাই সংক্রান্ত অভিযোগের নিস্পত্তিকরণ। আপীলের প্রশ্ন দেখা দিলে সংশ্লিষ্ট পৌরসভা কমিটিতে নিস্পত্তিকরণের জন্য প্রেরণ।

১১। 'ক' ও 'খ' শ্রেণীর পৌর সভা কমিটিঃ

১১.১ কমিটির গঠনঃ

(১)	জেলা প্রশাসক	..	সভাপতি
(২)	চেয়ারম্যান, পৌরসভা/প্রতিনিধি	..	সদস্য
(৩)	স্থানীয় কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা ১(এক) জন	..	সদস্য
(৪)	ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	..	সদস্য
(৫)	জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা	..	সদস্য
(৬)	গণ্যমান্য ব্যক্তি ২(দুই) জন (১জন পুরুষ ও ১ জন মহিলা) (সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী কর্তৃক মনোনীত)	..	সদস্য
(৭)	জেলা মুক্তিযোদ্ধা সংসদের একজন প্রতিনিধি।	..	সদস্য
(৮)	শহর সমাজসেবা কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা (রেজিঃ)।	..	সদস্য
(৯)	উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়	..	সদস্য সচিব।

১১.২ কমিটির কর্মপরিধিঃ

(১) ওয়ার্ড কমিটি কর্তৃক বাছাইকৃত তালিকা চুড়ান্তকরণ এবং ভাতা প্রদানের জন্য প্রার্থী অনুমোদন।

(২) ভাতা প্রদান কার্যক্রম তদারকীকরণ।

(৩) 'ক' ও 'খ' শ্রেণীভুক্ত পৌর সভা এলাকায় অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতা ভোগীদের ভাতা প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ।

(৪) এতদসংক্রান্ত আপীল/অভিযোগ নিস্পত্তিকরণ।

১২। পার্বত্য জেলাগুলোর 'ক' ও 'খ' শ্রেণীর পৌরসভা কমিটি ঃ

১২.১ কমিটির গঠন ঃ

(১)	চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ	..	সভাপতি
(২)	চেয়ারম্যান, পৌরসভা/প্রতিনিধি	..	সদস্য
(৩)	জেলা প্রশাসকের প্রতিনিধি	..	সদস্য
(৪)	স্থানীয় কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা ১(এক) জন	..	সদস্য
(৫)	ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি	..	সদস্য
(৬)	জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা	..	সদস্য
(৭)	জেলা মুক্তিযোদ্ধা সংসদের একজন প্রতিনিধি।	..	সদস্য
(৮)	গণ্যমান্য ব্যক্তি ২(দুই) জন (১জন পুরুষ ও ১ জন মহিলা)	..	সদস্য

(সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী কর্তৃক মনোনীত)

(৯) শহর সমাজসেবা কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা (রেজিঃ)। .. সদস্য

(১০) উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, .. সদস্য সচিব।

১২.২ কমিটির কর্মপরিধিঃ

১। ওয়ার্ড কমিটি কর্তৃক বাছাইকৃত তালিকা চুড়ান্তকরণ এবং ভাতা প্রদানের জন্য প্রার্থী অনুমোদন।

২। ভাতা প্রদান কার্যক্রম তদারকীকরণ।

৩। এতদসংক্রান্ত আপীল/অভিযোগ নিস্পত্তিকরণ।

৪। 'ক' ও 'খ' শ্রেণীভুক্ত পৌর সভা এলাকায় অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতাভোগীদের ভাতা প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ।

১৩। 'গ' শ্রেণীর পৌরসভায় ওয়ার্ড কমিটিঃ

১৩.১ কমিটির গঠন ঃ

(১) সংশ্লিষ্ট ওয়ার্ড হতে নির্বাচিত/মনোনীত ওয়ার্ড কমিশনার .. সভাপতি

(২) সংশ্লিষ্ট ওয়ার্ডের মহিলা কমিশনার .. সহ-সভাপতি

(৩) ২(দুই) জন স্থানীয় গণ্যমান্য ব্যক্তি (১জন পুরুষ ও ১ জন মহিলা) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত। .. সদস্য

(৪) পৌর সমাজকর্মী (যদি সংশ্লিষ্ট পৌর এলাকায় পৌর সমাজকর্মী না থাকে তবে সেক্ষেত্রে উপজেলা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক মনোনীত ১ জন ইউনিয়ন সমাজকর্মী। .. সদস্য-সচিব

বিঃ দ্রঃ মহিলা সদস্য যে ওয়ার্ডের বাসিন্দা তিনি সে ওয়ার্ডের ভাতা প্রদান বিষয়ক কমিটির সভাপতি হবেন এবং ঐ ওয়ার্ডের নির্বাচিত পুরুষ সদস্য সহ-সভাপতি হবেন। অবশিষ্ট ২টি ওয়ার্ড কমিটিতে নির্বাচিত উক্ত মহিলা কমিশনার সহ-সভাপতি হবেন।

১৩.২ কমিটির কর্মপরিধিঃ

১। ওয়ার্ড পর্যায়ে বয়স্ক ভাতা প্রদানের জন্য প্রণীত নীতিমালার আলোকে প্রাথমিকভাবে প্রার্থী বাছাই করে তালিকা প্রণয়ন;

২। চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে প্রণীত তালিকা সংশ্লিষ্ট উপজেলা কমিটির নিকট প্রেরণ;

৩। প্রাথমিকভাবে বাছাই সংক্রান্ত অভিযোগের নিস্পত্তি করবে। তবে আপীলের প্রশ্ন দেখা দিলে তা পৌরসভা কমিটিতে নিস্পত্তির জন্য প্রেরণ;

১৪। যে সমস্ত পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হয়নি, সে সমস্ত পৌরসভায় ওয়ার্ড কমিটির সভাপতি হিসেবে পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব দায়িত্ব পালন করবেন।

১৫। পার্বত্য জেলা এবং অন্যান্য জেলায় অবস্থিত 'গ' শ্রেণীর পৌরসভার জন্য কমিটি ঃ

১৫.১ কমিটির গঠণ ঃ

(১)	উপজেলা নির্বাহী অফিসার	..	সভাপতি
(২)	'গ' শ্রেণীভুক্ত পৌরসভার চেয়ারম্যান	..	সদস্য
(৩)	'গ' শ্রেণীভুক্ত পৌরসভার গণ্যমান্য ব্যক্তি(২জন, ১জন পুরুষ ও ১জন মহিলা) (কমিটির প্রথম সভায় এরূপ দু'জনকে কমিটি কো-অপট করে সংশ্লিষ্ট জেলা অফিসের উপ-পরিচালককে জানাবে)।	..	সদস্য
(৪)	মুক্তিযোদ্ধা উপজেলা কমান্ডের প্রতিনিধি	..	সদস্য
(৫)	স্থানীয় কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা	..	সদস্য
(৬)	জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা	..	সদস্য
(৭)	ম্যানেজার, সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক	..	সদস্য
(৮)	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	..	সদস্য-সচিব।

১৫.২ কমিটির কর্মপরিধি-

(১) ওয়ার্ড কমিটি কর্তৃক বাছাইকৃত তালিকা চূড়ান্তকরণ এবং ভাতা প্রদানের জন্য প্রার্থী অনুমোদন।

(২) ভাতা প্রদান কার্যক্রম তদারকীকরণ।

(৩) এসংক্রান্ত অভিযোগ পরীক্ষা করা ও যথাযথ ব্যবস্থা গ্রহণ।

(৪) 'ক' ও 'খ' শ্রেণীভুক্ত পৌর সভা এলাকায় অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতাভোগীদের ভাতা প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ।

১৬। ভাতা পরিশোধ পদ্ধতি ঃ

(ক) বয়স্ক ভাতা প্রদান বাবদ বাজেটে বরাদ্দকৃত অর্থ অবমুক্ত করে সোনালী ব্যাংকে ন্যাস্ত করা হবে।

(খ) ভাতা গ্রহীতাদের সুবিধার্থে সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে ভাতা পরিশোধ করা হবে।

(গ) পেনশন প্রাপ্তদের পিপিও (Pension Payment Order) এর ন্যায় বয়স্ক ভাতা পরিশোধ বহি (পাশ বই পরিশিষ্ট 'গ') নামে একটি বই থাকবে । এ বইয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার/১ম শ্রেণীর কর্মকর্তা/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক বয়স্ক ভাতা প্রাপকের সত্যায়িত ছবি থাকবে। প্রতিটি বইয়ে পৃথক নম্বর সন্নিবিষ্ট থাকবে। প্রার্থী তালিকা চূড়ান্ত ভাবে অনুমোদিত হওয়ার পর উপজেলা/জেলা হিসাব রক্ষণ অফিসার সংশ্লিষ্ট ভাতা প্রাপকের নামে এ বই ইস্যু করবেন। এ বই ইস্যু করার পর উপজেলা/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা সংশ্লিষ্ট বয়স্ক ব্যক্তির মাসিক ভাতা পরিশোধের জন্য স্থানীয় সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে সংশ্লিষ্ট ব্যক্তির ছবিসহ পরিশোধের আদেশ (ডি-হাফ পরিশিষ্টঃ 'ঘ') প্রেরণ করবেন। বয়স্ক ভাতা প্রাপকগণ কেহ পাশ বই হারিয়ে বা নষ্ট করে ফেললে সংশ্লিষ্ট পৌরসভা/উপজেলা কমিটি বিষয়টি চুড়ান্ত করবে। পৌরসভা/উপজেলা কমিটি যথাযথভাবে বিষয়টি যাচাই বাছাই করে পুনরায় ডুপ্লিকেট পাশ বই ইস্যু করার জন্য সুপারিশ করবে।

(ঘ) উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, উপজেলা সমাজসেবা কমকর্তা, উপজেলা/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অফিস বয়স্ক ভাতা প্রাপকের নাম, ছবি ও নমুনা স্বাক্ষরসমেত রেজিষ্টার সংরক্ষণ করবে।

(ঙ) যদি শারীরিক অক্ষমতাজনিত কারণে কিংবা পর্দানশীল হওয়ার কারণে কোন ব্যক্তি ভাতা গ্রহণের জন্য সশরীরে উপস্থিত হতে না পারেন, তা হলে তিনি অন্য কোন ব্যক্তিকে তার পক্ষে ভাতা গ্রহণের জন্য মনোনয়ন দান করবেন। মনোনীত ব্যক্তির পরিচয় পত্রে ওয়ার্ড মেম্বার/১ম শ্রেণীর কর্মকর্তা/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি থাকবে। মনোনীত ব্যক্তি ভাতা গ্রহণ করার সময় প্রতিবার সংশ্লিষ্ট ভাতা প্রাপক জীবিত আছেন মর্মে স্থানীয় প্রতিনিধি (ওয়ার্ড মেম্বার/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ) এর সনদপত্র পেশ করবেন।

(চ) বয়স্ক ভাতা প্রতিমাসে প্রদান করা হবে। তবে কেহ এককালীন উত্তোলন করতে চাইলে তিনি ভাতা নির্ধারিত সময়ের শেষে উত্তোলন করবেন।

(ছ) বয়স্ক ভাতা গ্রহীতা মৃত্যুবরণ করলে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড মেম্বার/ওয়ার্ড কমিশনার কর্তৃক মৃত্যু সম্পর্কিত সনদপত্র প্রদান নিশ্চিত করতে হবে। উপ-পরিচালক/সমাজসেবা কর্মকর্তা ভাতা গ্রহীতার মৃত্যু সম্পর্কিত বিষয়টি সংশিষ্ট সকল কর্তৃপক্ষ ও কার্যালয়কে অবহিত করবেন।

(জ) ভাতাভোগীর মৃত্যুর পর তারঁ মৃত্যুর পূর্বে প্রাপ্য বকেয়া টাকা (যদি থাকে) ভাতা ভোগীর মনোনীত ব্যক্তিকে (Nominee) প্রদান করা যাবে এবং ভাতা ভোগকারী কোন ব্যক্তির মৃত্যুর পর তার মনোনীত ব্যক্তি (Nominee) কে ৩ (তিন) মাস পর্যন্ত উক্ত ভাতা প্রদান করা হবে।

(ঝ) বয়স্ক ভাতা বিতরনের দায়িত্বে নিয়োজিত ব্যাংকের প্রধান কার্যালয় থেকে শাখা পর্যায়ে দ্রুত অর্থ ছাড়করনে সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকগণ তৎপর হবেন। তাছাড়া প্রতি মাসের ১ম সপ্তাহে পূর্ববর্তী মাসের ব্যয়ের প্রতিবেদন সংশ্লিষ্ট কমিটির সভাপতির নিকট দাখিল করবেন।

১৭। ভাতাভোগীর তালিকা ও অন্যান্য তথ্যাদি সংরক্ষণ পদ্ধতি ঃ

(ক) উপজেলা সমাজসেবা কর্মকর্তা মঞ্জুরীকৃত ভাতা প্রাপকদের তালিকা প্রয়োজনীয় উপকরণ (ভাতা পরিশোধ বহি ও ছবি) এবং বয়স্ক ভাতা পরিশোধের আদেশ (ডি-হাফ) ও অন্যান্য তথ্যাদিসহ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। উপজেলা সমাজসেবা কর্মকর্তা নির্বাচিত ভাতা প্রাপকদের প্রাথমিক তালিকা সংরক্ষণ করবেন। কোন বয়স্ক ভাতা প্রাপকের মৃত্যু হলে তাঁর স্থলে একই ওয়ার্ডের জেন্ডার অনুসারে অপেক্ষমান তালিকা থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রার্থী নির্বাচিত করে ভাতা গ্রহণের জন্য তালিকাভুক্ত করবেন।

(খ) প্রতি ওয়ার্ডে ৩(তিন) জন পুরুষ ও ৩(তিন) জন মহিলার অপেক্ষমান তালিকা অগ্রাধিকার ক্রমানুযায়ী প্রস্তুত রাখা হবে। ভাতা গ্রহণের জন্য নির্বাচিত বয়স্ক ব্যক্তির মধ্যে যদি কেহ মৃত্যুবরণ করেন তাঁর স্থলে অপেক্ষমান তালিকা থেকে তালিকাভুক্ত করা হবে এবং তিনি তালিকাভুক্ত হবার দিন থেকে ভাতা গ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। ওয়ারিশ হিসাবে কাউকে ভাতা প্রদান করা যাবে না। তবে নমিনি ভাতাভোগীর মৃত্যুর পর ৩(তিন) মাস পর্যন্ত ভাতা গ্রহণ করতে পারবেন।

(গ) প্রতি উপজেলা ও পৌর সভায় বাছাইকৃত নতুন প্রার্থীর সংখ্যা সিটি কর্পোরেশনসমূহ বাদে সারাদেশের জনসংখ্যার মধ্যে সংশ্লিষ্ট উপজেলার/পৌরসভার জনসংখ্যার আনুপাতিক হারে নির্ণয় করা হবে।

(ঘ) সিটি কর্পোরেশন সংশিষ্ট ৬(ছয়)টি পুরাতন জেলা সদর বাদে পুরাতন অন্যান্য ১৩(তের)টি জেলা সদরের পৌরসভাসমূহে নতুন জেলা সদরের পৌরসভার তুলনায় অর্ধেক সংখ্যক বয়স্ক ব্যক্তিকে ভাতা প্রদান করা হবে।

(ঙ) ভাতা ভোগী এলাকা ত্যাগ করে অন্যত্র চলে যাওয়ার তারিখ হতে ৩ (তিন) মাসের মধ্যে নিজ এলাকায় প্রত্যাবর্তন না করলে ভাতা প্রদান তালিকা হতে তার নাম বাতিল করতঃ অপেক্ষমান তালিকা হতে তার স্থলে অন্য ব্যক্তিকে অন্তর্ভুক্ত করা হবে।

(চ) প্রতি বৎসর মৃত্যু বরনকারী ভাতাভোগীদের তালিকা প্রণয়নপূর্বক মন্পিরিষদ কমিটির পরবর্তী সভায় মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর পেশ করবেন। এ জন্য মাঠ পর্যায় থেকে ৬ (ছয়) মাস পর পর এ ধরনের নতুন ভাতাভোগীদের তালিকা সমাজসেবা অধিদফতরে প্রেরণ করতে হবে। তাছাড়া মৃত ভাতাভোগীর স্থলে যথা সময়ে বিধি মোতাবেক নতুন ভাতাভোগী নির্বাচন করে ভাতা প্রদান করতে হবে।

৩। বয়স্ক ভাতা সংক্রান্ত মন্সিভা কমিটি গঠনঃ

পরিশিষ্ট-'ক'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

পদোন্নতি শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ০৪ ফেব্রুয়ারী, ২০০২/২২ মাঘ, ১৪০৮

মপবি/শাঃপঃ/মসকগ-৪/৯৮/২৯ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বয়স্ক ভাতা প্রদান কর্মসূচী সার্বিক তত্ত্বাবধানের জন্য নিম্নোক্তভাবে কমিটি পুণর্গঠন করিয়াছেঃ

(ক) কমিটির গঠন ঃ

(১)	মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	..	সভাপতি
(২)	মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	..	সদস্য
(৩)	মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়	..	সদস্য
(৪)	প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	..	সদস্য

(খ) কমিটির কার্যপরিধিঃ

(১) প্রতি বছর মার্চ মাসে কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হবে এবং উক্ত সভায় বয়স্ক ভাতা প্রদান কর্মসূচীর পূর্ববর্তী বছরের সার্বিক মূল্যায়ণ ও পরবর্তী বছরের বাজেট নির্ধারণ করা।

(২) বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের জন্য ভাতা বিতরণের সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ণ এবং পরবর্তী বৎসরের এ সংক্রান্ত বাজেট প্রণয়ন করা।

(৩) কমিটি অসচ্ছল মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান কার্যক্রম, প্রার্থী বাছাইয়ে অনুমোদিত নীতিমালার সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ণ এবং এসংক্রান্ত বাজেট প্রণয়ন করা।

২। সমাজকল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। কমিটি প্রতি ৩(তিন) মাসে একবার বৈঠকে মিলিত হইবে।

৪। এই সংক্রান্ত মন্ত্রী পরিষদ বিভাগের ১১-৩-১৯৯৮ তারিখের মপবি/শাঃপঃ/মসকগ-৪/৯৮/৩৩ নম্বর প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল বলিয়া গণ্য হইবে।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-৪/২/০২
(মোঃ দেলওয়ার হোসেন)
যুগ্ম-সচিব।

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
অনুলিপিঃ

(১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়
(২) সকল সদস্য

পরিশিষ্টঃ 'খ'

২০। বয়স্কভাতা মঞ্জুরীর আবেদন পত্র।

প্রথম অংশ

(আবেদনকারী নিজে পূরণ ও স্বাক্ষর করিবেন অথবা কাহারো দ্বারা পূরণ করিয়া নিজে স্বাক্ষর/টিপসহি দিবেন)

বরাবর,
....
....
....
....

পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি

বিষয়ঃ বয়স্কাতা মঞ্জুরীর জন্য আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমার বর্তমান বয়স .... বৎসর। আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত মাসিক .... টাকা হারে বয়স্ক ভাতা প্রাপ্তির জন্য আবেদন জানাইতেছি এবং এই সূত্রে নিম্নলিখিত তথ্যাদি আপনার সহানুভূতিশীল বিবেচনার জন্য পেশ করিতেছি।

(ক) নাম ঃ

(খ) ঠিকানা ঃ

বর্তমান ঃ.. স্থায়ীঃ ....
....
....
....

(গ) আবেদনকারীর বাৎসরিক গড় আয় ঃ

ঘ)স্বাস্থ্যগত অবস্থা ঃ

(প্রযোজ্য ক্ষেত্রে (টিক) চিহ্ন দিন)

১) সম্পূর্ণ কর্ম ক্ষমতাহীন	(২) অসুস্থ	(৩) অপ্রকৃতিস্থ	৪) প্রতিবন্ধী	(৫)আংশিক কর্মক্ষমতাহীন

(ঙ) আর্থ-সামাজিক অবস্থা ঃ(ক)

(প্রযোজ্য ক্ষেত্রে (টিক) চিহ্ন দিন)

(১) নিঃস্ব	(২) উদ্বাস্তু	(৩) ভূমিহীন

(খ)

(১) বিধবা	(২) তালাকপ্রাপ্তা	(৩) বিপত্নীক	(৪)পরিবার থেকে বিচ্ছিন্ন

(চ) জন্ম তারিখ/আনুমানিক জন্ম তারিখ ঃ

(ছ) সনাক্তকরণ চিহ্ন ঃ

(জ) মুক্তিযোদ্ধা কিনা ঃ

....

(ওয়ার্ড সদস্য/সদস্যা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান)

২। আমার শারীরিক অক্ষমতাজনিত কারণে বয়স্ক ভাতা গ্রহণের জন্য সশরীরে উপস্থিত হওয়া সম্ভব নয়। তাই আমার বয়স্ক ভাতা গ্রহণের জন্য নিম্ন বর্ণিত ব্যক্তিকে মনোনয়ন দান করিলাম।

নাম ও ঠিকানা	সম্পর্ক	মনোনীত ব্যক্তির নমুনা স্বাক্ষর	বয়স্ক ভাতাভোগীর প্রতিস্বাক্ষর/টিপসহি

আপনার অনুগত,

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর ঃ

আবেদনকারীর নাম ঃ

নমুনা স্বাক্ষর/টিপসহি ঃ

দ্বিতীয় অংশ

মঞ্জুরকারী কর্তৃপক্ষের আদেশ

.... কে মাসিক

.... টাকা হারে বয়স্ক ভাতা মঞ্জুর করা হইল ।

তারিখ ঃ

স্বাক্ষর

(সীলমোহর)

পরিশিষ্ট 'গ'

২১। বয়স্কভাতা পরিশোধ বহি ঃ

বহি নম্বর ....

বয়স্ক ভাতা পরিশোধ বহি

(বয়স্কভাতা গ্রহণকারীর অংশ)

পাসপোর্ট সাইজের ছবি

১। খরচ বহনকারী ঃ..

২। হিসাবের খাত/কোড ঃ...

৩। মুখ্য খাত ঃ...

৪। গৌণ খাত ঃ...

৫। বয়স্ক ভাতা গ্রহীতার নাম ঃ..

৬। ঠিকানা ঃ

(ক) স্থায়ী ....
....
....
....

(খ) বর্তমান ....
....
....
....

৭। জন্ম তারিখ অথবা আনুমানিক জন্ম তারিখ ঃ ....

বয়স্ক ভাতা পরিশোধের আদেশ

....অফিস।

নং তারিখ ঃ

জনাব,

অন্য কোন আদেশ না পাওয়া পর্যন্ত প্রত্যেক মাস শেষ হইলে অনুগ্রহপূর্বক... কে বয়স্ক ভাতা বাবদ .... টাকা এই আদেশনামা উপস্থাপন ও নিয়মিত ফরম অনুসারে রশিদ দাখিলের পর পরিশোধ করা হউক।

স্বাক্ষর ....

পদবী ....

বরাবর,

....

....

টীকা ঃ (১) এই আদেশের অধীনে কেবল সশরীরে উপস্থিত বয়স্ক ভাতাভোগীকেই অর্থ পরিশোধ করিতে হইবে।

(২) পর্দানশীন মহিলা এবং অসুস্থতা ও শারীরিক কারণে উপস্থিত হইতে অসমর্থ বয়স্ক ভাতাভোগী তাঁহার পক্ষে ভাতা গ্রহণের জন্য অন্য কোন ব্যক্তিকে লিখিতভাবে মনোনয়ন প্রদান করিবেন এবং মনোনীত ব্যক্তি ভাতা গ্রহণের সময় প্রতিবার সংশ্লিষ্ট বয়স্ক ব্যক্তি জীবিত আছেন এই মর্মে স্থানীয় প্রতিনিধি (ওয়ার্ড কমিশনার/ওয়ার্ড মেম্বার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান)- এর সনদপত্র পেশ করিবেন।

(৩) বয়স্ক ভাতাভোগীর মৃত্যুর পর এই আদেশনামা বাতিল বলিয়া গণ্য হইবে।

১। বয়স্ক ভাতার পরিমাণ ঃ টাকা কথায় ঃ

২। প্রত্যেকবারের দেয় টাকা লিপিবদ্ধ করিতে হইবে ঃ-

যে মাসের বয়স্ক ভাতা পাওনা (কত হারে)	২০০			২০০		
	টাকা দেয়ার তারিখ	ভাতা গ্রহীতার স্বাক্ষর/ টিপসহি	ভাতা পরিশোধকারীর স্বাক্ষর	টাকা দেয়ার তারিখ	ভাতা গ্রহীতার স্বাক্ষর/টিপসহি	ভাতা পরিশোধকারীর স্বাক্ষর

পরিশিষ্ট ঘ

২২। বয়স্কভাতা পরিশোধের আদেশ (ডি-হাফ)

বয়স্ক ভাতা পরিশোধের আদেশ

[ব্যয়নকারীর (ব্যাংক) অংশ]

পাসপোর্ট
সাইজের
ছবি

....
প্রথম অর্থ পরিশোধের
সময় বয়স্ক ভাতা গ্রহণকারীর স্বাক্ষর

বয়স্ক ভাতার মঞ্জুরী আদেশনামার তারিখ	শারীরিক সনাক্তকরণের চিহ্ন	জন্মের সঠিক তারিখ অথবা আনুমানিক তারিখ	সম্প্রদায়	বয়স্কভাতা গ্রহণকারীর আবাসিক ঠিকানা	মাসিক বয়স্কভাতার পরিমাণ

জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়
....
নং .... তারিখঃ ....

জনাব,

এই আদেশনামায় বয়স্ক ভাতা গ্রহণকারীর অংশ উপস্থাপনে এবং প্রচলিত ধারা মোতাবেক দাবীদারের নিকট হইতে অর্থ প্রাপ্তির রশিদ গ্রহণ সাপেক্ষে পরবর্তী আদেশ না পাওয়া পর্যন্ত প্রতি মাস অতিক্রান্ত হইলে জনাব .... গ্রাম....................................... .....ওয়ার্ড নং .... ইউনিয়ন .... উপজেলা/থানা .... জেলা.............................- কে বয়স্ক ভাতা বাবদ.......................... টাকা .... টাকা প্রদান করিতে অনুরোধ করা যাইতেছে। .... ২০০........হইতে অর্থ প্রদান করিতে হইবে।

দস্তখত
....
পদবী ....

ম্যানেজার
.... ব্যাংক
.... শাখা
থানা/উপজেলা ঃ
জেলা ঃ

ব্যয়নকারীর অংশের বিপরীত পৃষ্ঠা

বয়স্ক ভাতার পরিমাণ .... (কথায়) ....
.... তারিখ হইতে প্রদেয়।

প্রতিটি স্বতন্ত্র অর্থ পরিশোধ নিম্নলিখিতভাবে লিপিবদ্ধ করিতে হইবে

যে সকল মাসের ভাতা দেওয়া হয়	.... অর্থ পরিশোধের তারিখ	.... ব্যয়ন অফিসারের স্বাক্ষর	.... অর্থ পরিশোধের তারিখ	.... ব্যয়ন অফিসারের স্বাক্ষর
জুলাই আগষ্ট সেপ্টেম্বর অক্টোবর নভেম্বর ডিসেম্বর জানুয়ারী ফেব্রুয়ারী মার্চ এপ্রিল মে জুন				

যে সকল মাসের ভাতা দেওয়া হয়	.... অর্থ পরিশোধের তারিখ	.... ব্যয়ন অফিসারের স্বাক্ষর	.... অর্থ পরিশোধের তারিখ	.... ব্যয়ন অফিসারের স্বাক্ষর
জুলাই আগষ্ট সেপ্টেম্বর অক্টোবর নভেম্বর ডিসেম্বর জানুয়ারী ফেব্রুয়ারী মার্চ এপ্রিল মে জুন				

১। বয়স্ক ভাতার প্রার্থী বাছাই নীতিমালা, অর্থ পরিশোধ পদ্ধতি ও পাশবই সহ ফরমের খসড়া প্রণয়নের জন্য গঠিত কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ,শাখা-১

নং অম/অবি/বাউ-১/১এম(১৭)/৯৭(অংশ)/১০৯৭তারিখ ২২-৭-১৯৯৭ইং / ৭-৪-১৪০৪ বাং

প্রস্তাবিত বয়স্ক ভাতা প্রদানের লক্ষ্যে প্রার্থী বাছাইয়ের নীতিমালা এবং অর্থ পরিশোধের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন প্রদান ও এ সংক্রান্ত পাশবই সহ অন্যান্য ফরমের খসড়া প্রণয়নের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।

(১)	জনাব জহির উদ্দিন ভূঁইয়া যুগ্ম-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।	..	আহবায়ক
(২)	জনাব আব্দুস সাত্তার মিয়া উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ।	..	সদস্য
(৩)	জনাব রণজিৎ কুমার চক্রবর্তী অতিরিক্ত উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।	..	সদস্য

২। উক্ত কমিটি ১৫ দিনের মধ্যে রিপোর্ট পেশ করবে।

স্বাক্ষরিত/-
(মোঃ আমজাদ হোসেন)
উপ-সচিব(বাজেট-১)।

বিতরণঃ

১। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, কাকরাইল, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জনাব জহির উদ্দিন ভূঁইয়া ,যুগ্ম-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জনাব আব্দুস সাত্তার মিয়া, উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জনাব রণজিৎ কুমার চক্রবর্তী, অতিরিক্ত উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।

জর"রী/গোপনীয়
বিশেষ বার্তা বাহক মারফত

৮। বয়স্কভাতা প্রদান প্রসঙ্গে মন্ত্রিসভার কতিপয় সিদ্ধান্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ৩৩.১৫.০৫.০০.০১.৯৮-৭২(৩), তারিখ ২২-০২-১৯৯৮/১০-১১-১৪০৪

বিষয় ঃ বয়স্ক ভাতা প্রদান কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।

বিগত ২রা ফেব্র"য়ারী, ১৯৯৮ তারিখ বয়স্ক ভাতা প্রদান কর্মসূচী বাস্তবায়ন বিষয়টি মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপিতহলে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(ক) বয়স্ক ভাতা প্রদান কর্মসূচী বাস্তবায়নের দায়িত্ব সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপর ন্যস্ত হইবে।

(খ) বয়স্ক ভাতা প্রদান কর্মসূচী সার্বিক তত্ত্বাবধানের জন্য অর্থ মন্ত্রীর সভাপতিত্বে একটি কমিটি গঠন করা হইবে। মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং প্রতিমন্ত্রী সমাজকল্যাণ মন্ত্রণালয় উক্ত কমিটিরসদস্য থাকিবেন। সমাজকল্যাণ মন্ত্রণালয় উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে। কমিটি প্রতি তিন মাসে একবার বৈঠকে মিলিত হইবে। প্রতি বৎসরে মার্চ মাসে কমিটীর বিশেষ সভা অনুষ্ঠিত হইবে এবং উক্ত সভায় বয়স্ক ভাতা প্রদান কর্মসূচীর পূর্ববর্তী বৎরের সার্বিক মূল্যায়ণ ও পরবর্তী বৎসরের বাজেট নির্ধারণ করা হইবে।

(গ) মাঠ পর্যায়ে নিয়োজিত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কর্মকর্তা স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সহিত পরামর্শ করিয়া বয়স্ক ভাতা প্রদানের জন্য প্রার্থী বাছাই করিবেন।

(ঘ) বয়স্ক ভাতা কেহ এককালীন উত্তোলন করিতে চাহিলে তাহা তিনি নিধারিত সময়ের শেষে উত্তোলন করিবেন।

(ঙ) কোন উপজেলায় সোনালী ব্যাংক না থাকিলে উহার পরিবর্তে রাষ্টায়ত্ত অন্য কোন তফসিলি ব্যাংকের মাধ্যমে বয়স্ক ভাতা বিতরণ করা হইবে।

২। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত অনুসারে জর"রী ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল।

স্বা-
(ইকবাল মাহমুদ)
পরিচালক।
ফোনঃ ৮১১২৮৪

কার্যক্রমঃ

সচিব,
সমাজকল্যাণ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। পরিচালক-১৫, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিষ্ঠান শাখা)।

বিষয় ঃ ভাতা প্রাপকদের তালিকা পর্যালোচনা কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা এবং অসচ্ছল মুক্তিযোদ্ধা সম্মানীভাতা প্রাপকদের তালিকা পর্যালোচনা পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য গঠিত কেন্দ্রীয় কমিটির ১ম বৈঠক গত ২৭.৪.০২ তারিখে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির আহবায়ক ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, জনাব তাজ মোহাম্মদ। সভায় কমিটির নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেনঃ

১। জনাব এ,এফ,এম, সাইফল ইসলাম
পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদফতর।

২। জনাব মোঃ মুরাদ হোসেন
উপ-পরিচালক(কার্যক্রম), সমাজসেবা অধিদফতর।

৩। জনাব মোঃ মোখলেছুর রহমান
সহকারী সচিব (প্রতিষ্ঠান), সমাজকল্যাণ মন্ত্রণালয়।

২। সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় রাঙামাটি পার্বত্য জেলা এবং খাগড়াছড়ি এবং পার্বত্য জেলা থেকে প্রাপ্ত বয়স্ক ভাতা,বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা এবং অসচছল মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপকদের পর্যালোচিত তালিকা উপস্থাপন করা হয়। সভায় প্রত্যক্ষ করা হয় যে, উক্ত জেলা কমিটি কর্ত্রক প্রেরিত পর্যালোচিত তালিকা অভিন্ন ছকে প্রেরিত হয়নি।

৩। সভায় এসব বিষয়াদির উপর বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(১) গয বৈঠকে গৃহীত সিদ্ধান্তের আলোকে ১৫.৫.২০০২ তারিখের মম্যে প্রতিটি জেলার ভাতা প্রাপকদের পর্যালোচনা তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ না করার জন্য সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষর/- তাজ মোহাম্মদ
যুগ্ম-সচিব তাং-২৯.৪.২০০২
ও
সভাপতি
ভাতা প্রাপকদের তালিকা পর্যালোচনা।

নং-সকম/প্রতিঃশাঃ/ বয়স্কভাতা-৪/২০০১-২৬০/১(১৫০) তারিখঃ ২৬.১.১৪০৯/০৯.৫.২০০২।

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরিত হলো ঃ-

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২। উপ-সচিব(কার্যক্রম) সমাজকল্যাণ মন্ত্ররালয়।
৩। জেলা প্রশাসক, ভাতা প্রাপকদের তালিকা পর্যালোচনা সংক্রান্ত জেলা কমিটির আহবায়ক, ... জেলা।
৪। পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
৫। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ও ভাতা প্রাপকদের তালিকা পর্যালোচনা সংক্রান্ত জেলা কমিটির সদস্য-সচিব................... জেলা।
৬। যুগ্ম-সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

স্বাক্ষরিত/-
(উম্মুল হাছনা)
সিনিয়র সহকারী সচিব।

'ছক''-১

জেলা কমিটি কর্তৃক বয়স্কভাতা প্রাপ্তদের তালিকা পর্যালোচনার পর প্রতিবেদন দাখিলের ছক

জেলার নাম, ...

ক্রমিক নং	উপজেলার নাম	ভাতা প্রাপকের নির্ধারিত সংখ্যা ইউনিয়নী ওয়ার্ডী ১০	বর্তমান ভাতাভোগীর সংখ্যা	যোগ্য ভাতাভোগীর সংখ্যা	অযোগ্য ভাতাভোগীর সংখ্যা	অযোগ্য হওয়ার কারণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

জেলা কমিটি কর্তৃক বিধবা ও স্বামী পরিত্যাক্ত দুঃস্থ মহিলাদের ভাতা প্রাপ্তদের তালিকা পর্যালোচনার পর প্রতিবেদন দাখিলের ছক

ছক-১(ক)

ক্রমিক নং	উপজেলার নাম	ভাতা প্রাপকের নির্ধারিত সংখ্যা ইউনিয়নী ওয়ার্ডী ৫	বর্তমান ভাতাভোগীর সংখ্যা	যোগ্য ভাতাভোগীর সংখ্যা	অযোগ্য ভাতাভোগীর সংখ্যা	অযোগ্য হওয়ার কারণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

জেলা কমিটি কর্তৃক অসচ্ছল মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা প্রাপ্তদের তালিকা পর্যালোচনার প্রতিবেদন দাখিলের ছক

ছক -১(খ)

জেলার নাম ঃ

ক্রমিক নং	উপজেলার নাম	অসচছল মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপকের নাম	পিতা/স্বামীর নাম	ঠিকানা	মুক্তিযোদ্ধা পরিচিতি নং	মন্তব্য

ছক-২

জেলা কমিটি কর্তৃক বয়স্কভাতা প্রাপ্তদের তালিকা পর্যালোচনার পর প্রতিবেদন দাখিলের ছক

জেলার নাম ,..............................

ক্রমিক নং	উপজেলার নাম	ভাতাভোগীর নাম	পিতা/স্বামীর নাম	গ্রাম, ওয়ার্ড,ইউনিয়ন/পৌরসভা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

ছক-২(ক)

জেলা কমিটি কর্তৃক বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাভাতা প্রাপ্তদের তালিকা পর্যালোচনা প্রতিবেদন দাখিলের ছক।

ক্রমিক নং	উপজেলার নাম	ভাতাভোগীর নাম	পিতা/স্বামীর নাম	গ্রাম, ওয়ার্ড,ইউনিয়ন/পৌরসভা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

ছক-২(খ)

জেলা কমিটি কর্তৃক অসচ্ছল মুক্তিযোদ্ধা সম্মানীভাতা প্রাপ্তদের তালিকা পর্যালোচনার পর পর প্রতিবেদন দাখিলের ছক।

জেলার নাম , ...

ক্রমিক নং	উপজেলার নাম	অসচল মুক্তিযোদ্ধ সম্মানীভাতা প্রাপকের নাম	পিতা/স্বামীর নাম	ঠিকানা	মুক্তিযোদ্ধ পরিচিতি নম্বর	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

১৬। বয়স্কভাতা কার্যক্রম, বাস্তবায়ন নীতিমালাকে গাইডলাইন হিসেবে গণ্যকরণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং সকম/সসে-৩/৩৬/৯৮-৫১১ তারিখ ২৫-১০-৯৮ ইং।

প্রজ্ঞাপন

মন্ত্রিপরিষদ সভার ২-২-৯৮ ইং তারিখের সিদ্ধান্ত মোতাবেক এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২২-২-৯৮ইং তারিখের ৩৩.১৫.০৫.০.০.০১.৯৮-৭২(৩) সংখ্যক পত্র অনুযায়ী ১৯৯৭-৯৮ অর্থ বছর থেকে বয়স্ক ভাতা প্রদান কর্মসূচী বাস্তবায়নের দায়িত্ব সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপর ন্যস্ত হয়। এতদুদ্দেশ্যে মাননীয় অর্থ সচিবের সভাপতিত্বে ২১-৭-৯৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী অর্থ মন্তণালয়, অর্থ বিভাগের স্মারক নং অম/অবি/বাউ-১/এন(১৭)/৯৭(অংশ)-১০৯৭ মূলে বয়স্ক ভাতা প্রদানের লক্ষ্যে প্রার্থী বাছাইয়ের নীতিমালা ও অর্থ পরিশোধের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন প্রণয়ন এবং এ সংক্রান্ত পাস বইসহ অন্যান্য ফরমের খসড়া প্রণয়নের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব মোঃ জহির উদ্দিন ভূঁইয়া নেতৃত্বে স্থানীয় সরকার বিভাগ এর উপ-সচিব জনাব আবদুস সাত্তার মিয়া ও অতিরিক্ত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক জনাব রণজিৎ কুমার চক্রবর্তী সমন্বয়ে ৩(তিন) সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক প্রণীত এবং মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত বয়স্ক ভাতা কার্যক্রম প্রার্থী বাছাইয়ের নীতিমালা ও অর্থ পরিশোধের পদ্ধতি শীর্ষক পুস্তিকাটি বয়স্ক ভাতা কার্যক্রম বাস্তবায়নে সর্ব পর্যায়ে গাইড লাইন হিসেবে গণ্য করা হবে।

স্বা/- (ডঃ ক্ষণদা মোহন দাশ)
ভারপ্রাপ্ত সচিব।
২৫-১০-৯৮

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব,..।
৪। বিভাগীয় কমিশনার, ... বিভাগ।
৫। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা। তিনি তাঁর অধীনস্থ সকল কার্যালয়কে অবহিত করবেন।
৬। জেলা প্রশাসক,............................।
৭। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,.......................।

নং সকম/সসে-৩/৩৬/৯৮-৫১১(৩) তারিখ ২৫-১০-৯৮ ইং।

সদয় জ্ঞাতার্থে ঃ

১। মাননীয় অর্থমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় ও সভাপতি, বয়স্ক ভাতা কার্যক্রম বাস্তবায়ন তদারকি বিষয়ক মন্ত্রিসভা কমিটির এর একান্ত সচিব।
২। মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয ও সদস্য, বয়স্ক ভাতা কার্যক্রম বাস্তবায়ন তদারকি বিষয়ক মন্ত্রিসভা কমিটি এর একান্ত সচিব।
৩। মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও সদস্য, বয়স্ক ভাতা কার্যক্রম বাস্তবায়ন তদারকি বিষয়ক মন্ত্রিসভা কমিটি এর একান্ত সচিব।

(আখতারী বেগম)
সিনিয়র সহকারী সচিব।
২৫-১০-৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিষ্ঠান শাখা)।

নং সকম/প্রতিঃশাঃ/ বয়স্কভাতা-৭/৯৯-১৬ তারিখঃ ২৯-০৯-১৪০৯/১২-১-২০০৩।

বিষয় ঃ ভাতা উত্তোলনের পুর্বে ভাতাভোগী মৃত্যুবরণ করলে নমিনিকে ভাতা প্রদান প্রসংগে।

সুত্র ঃ সসেঅদ/শা-বঃওবিঃভাতা সেল/নথি-৫/১৩৪/ তারিখঃ ৩১-১২-২০০২ ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচেছ যে, ভাতাভোগীর মৃত্যুর পর তাঁর মৃত্যুর পূর্বে প্রাপ্য বকেয়া টাকা (যদি থাকে) ভাতাভোগীর নমিনিকে প্রদান করা যাবে।

উপরোক্ত সরকারী সিদ্ধান্ত নির্দেশক্রমে অবহত করা হলো।

স্বাঃ-
১২-০১-০৩
(মোঃ লিয়াকত আলী মোল্লা)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৮৬১৮০৬০।

মহাপরিচালক
সমাজসেবা অধিদফতর
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপতর
সমাজসেবা ভবন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা

স্মারক নং-সসেঅদ/শা-বঃওবিঃ ভাতা সেল/বা-নথি-০৫/১২(৫৫০) / তারিখঃ ১২.১০.১৪০৯বাং/২৫.০১.২০০৩ খৃঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় .... (সকল)।

২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কার্যালয়, ...(সকল)।

স্বাক্ষরিত/-
ভারপ্রাপ্ত পরিচালক (কার্যক্রম)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিষ্ঠান শাখা)

নং-সকম/প্রতিঃশাখা/ বয়স্ক ভাতা-১৩/৯৯-৫৫২ তারিখ ঃ ২১.১২.১৯৯৯ ইং

পরিপত্র

বিষয় ঃ 'গ' শ্রেণীভুক্ত পৌরসভা এলাকা সমূহে বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা কার্যক্রম সম্প্রসারণ প্রসঙ্গে।

বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা সংক্রান্ত সরকারী নীতিমালা ও সময় সময় জারীকৃত এ সংক্রান্ত আদেশ , প্রজ্ঞাপণ এবং পরিপত্র সমূহের অনুসরণে সরকার সিদ্ধান্ত নিয়াছে যে, দেশের ১১২টি 'গ' শ্রেণীভুক্ত পৌর এলাকায় সরকার অনুমোদিত এরূপ ভাতা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী ভাতা বিতরণ করা হবে। এ সংক্রান্ত সরকারী সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

(ক) ১১২টি 'গ' শ্রেণীভুক্ত পৌরসভা ছাড়াও পরবর্তীতে নতুন কোন 'গ' শ্রেণীভুক্ত পৌরসভা গঠিত হলে সে পৌরসভা এলাকা সমূহেও বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কার্যক্রমের আওতাভূক্ত থাকবে।

(খ) ভাতা প্রদান কার্যক্রম চালু করার পর 'গ' শ্রেণীভূক্ত কোন পৌরসভা 'খ' শ্রেণীতে উন্নীত হলে উহা 'গ' শ্রেণীভূক্ত থাকাকালে যাদেরকে বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান করা হতো তারা স্ব -স্ব ভাতা পেতে থাকবেন। তবে নতুন ভাবে কাকেও উক্ত ভাতা প্রদান করা হবে না।

(গ) উপরে বর্ণিত 'গ' শ্রেণীভূক্ত পৌরসভা সমুহে বয়স্কভাতা কার্যক্রম জুলাই/৯৯ মাস হতে এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কার্যক্রম সেপ্টেম্বর/৯৯ মাস হতে কার্যকর হবে। প্রযোজ্য ক্ষেত্রে ভাতা প্রাপকরা বকেয়া ভাতা প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা/-
(ডঃ ক্ষণদা মোহন দাশ)
সচিব

নং-সকম/প্রতিঃশাখা/ বয়স্কভাতা-১৩/৯৯-৫৫২/১তারিখ ঃ ২১.১২.১৯৯৯ ইং

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। এ প্রসংগে মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং মপবি/মসশা/মসবৈ-৪৫(১২)/৯৯/৭০১(২) তারিখ ১৪.১২.৯৯ইং উল্লেখ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৪। মাননীয় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৫। মাননীয় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
৬। সচিব, অর্থ বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/ সমাজকল্যাণ মন্ত্রণালয়।

স্বাক্ষরিত মোঃ মোখলেছুর রহমান
২১.১২.৯৯
সহকারী সচিব(প্রতিঃশাখা)
ফোন নং-৮৬১৮০৬০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রতিষ্ঠান শাখা।

নং-সকম/প্রতিঃশাঃ/মন্ত্রী সভাঃবৈ-১/২০০২-২৯৭ তারিখঃ ৮.২.১৪১১ বাং/২২.৫.২০০৪ ইং।

পরিপত্র

বয়স্কভাতা প্রদান কর্মসূচীর আওতায় ভাতা প্রার্থীর বয়স সীমা সংক্রান্ত বিদ্যমান নীতিমালা সংশোধনক্রমে সবনিম্ন ৬০ বছরের পরিবর্তে সর্বনিম্ন ৬৫ বছর নির্ধারণ করা হ'ল।

এ সংশোধনী এখন থেকে কার্যকর হবে এবং শুধুমাত্র নতুনভাবে ভাতা প্রাপক বাছাইয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে। যারা পূর্ব থেকে ভাতা ভোগ করে আসছেন এবং যারা চলতি অর্থ-বছরে ভাত পাবার জন্য ইতিমধ্যে নির্বাচিত হয়েছেন তাদের ক্ষেত্রে এ সংশোধনী প্রযোজ্য হবে না।

স্বাক্ষরিত/-
এ.এম.আব্দল জব্বার
সচিব

নং-সকম/প্রতিঃশাঃ/মন্ত্রী সভাঃবৈ-১/২০০২-২৯৭ তারিখঃ ৮.২.১৪১১ বাং/২২.৫.২০০৪ ইং।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ-

১। মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রী মহোদয়কে অবহিত করণের অনুরোধসহ)।
২। মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রী মহোদয়কে অবহিত করণের অনুরোধসহ)।
৩। মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।(মাননীয় মন্ত্রী মহোদয়কে অবহিত করণের অনুরোধসহ)।
৪। মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।(মাননীয় মন্ত্রী মহোদয়কে অবহিত করণের অনুরোধসহ)।

স্বাক্ষরিত/-
(মোঃ নজরুল ইসলাম)
উপ-সচিব(কার্যক্রম)
ফোন-৭১৬৪৮৫১

নং-সকম/প্রতিঃশাঃ/মন্ত্রী সভাঃবৈ-১/২০০০-২৯৭ /২(১৩০) তারিখঃ ৮.২.১৪১১ বাং/২২.৫.২০০৪ ইং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ-

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা । (মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট সকলের নিকট অনুলিপি প্রেরণের অনুরোধসহ)
২। জেলা প্রশাসক.........................(সকল)।
৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,.............

স্বাক্ষরিত/-
(মোঃ নজরুল ইসলাম)
উপ-সচিব(কার্যক্রম)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রতিষ্ঠান শাখা।

নং-সকম/প্রতিঃশাঃ/ বয়স্কভাতা-০২/২০০২-১৯৮ তারিখঃ ৩০.১২.১৪০৮/১৩.৪.২০০২

পরিপত্র

বর্তমানে বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদানে নীতিমালা মোতাবেক প্রার্থী বাছাইয়ের জন্য ওয়ার্ড পর্যায়ে একটি এবং উপজেলা পর্যায়ে একটি করে কমিটি রয়েছে। এসব কমিটির কর্মপরিধি মোতাবেক পূর্বের ন্যায় কার্যক্রম অব্যাহত থাকবে।

২। এতদ্ব্যতীত, এসব ভাতা প্রদানের জন্য প্রার্থী বাছাইয়ের অধিকতর সুবিধার্থে বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদানের জন্য গঠিত প্রত্যেক উপজেলা কমিটি সভাপতি ওয়ার্ড কমিটি কর্তৃক প্রাথমিক ভাবে বাছাইকৃত নতুন তালিকা সংশ্লিষ্ট জেলার দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী / চীফ হুইপ/প্রতিমন্ত্রী/হুইপ /উপমন্ত্রী এর সম্মতি/অনুমোদনক্রমে চূড়ান্ত করবেন এবং সেমোতাবেক ভাতা বিতরণ করবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-১৩.৪.২০০২
(মোঃ আবদুর রব)
উপ-সচিব(কার্যক্রম)

বিতরণঃ

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তা...................................উপজেলা............................ জেলা।
৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা..............................উপজেলা .... জেলা ।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

(প্রতিষ্ঠান শাখা)।

সকম/প্রতিঃশাঃ/বয়স্কভাতা-৪/২০০১-৬৬৬ তারিখঃ ১৩.৮.১৪০৮/২৭.১১.২০০১ ।

''পরিপত্র''

বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা এবং অসচ্ছল মুক্তিযোদ্ধা সম্মনীভাতা প্রাপকদের বর্তমান তালিকা অবিলম্বে পর্যালোচনা করার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ে নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে ভাতা প্রাপকদের তালিকা পর্যালোচনা সংক্রান্ত কমিটি গঠন করা হলো ঃ

(ক) কমিটি গঠন ঃ

(১)	যুগ্ম-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।	..	আহবায়ক
(২)	পরিচালক(কার্যক্রম), সমাজসেবা অধিদফতর	..	সদস্য-সচিব
(৩)	উপ-পরিচালক(কার্যক্রম), সমাজসেবা অধিদফতর	..	সদস্য
(৪)	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রতিষ্ঠান) সমাজকল্যাণ মন্ত্রণালয়।	..	সদস্য

(খ) কমিটির কর্ম পরিধিঃ

(১) কমিটি এসব ভাতা প্রাপকদের তালিকা পর্যালোচনার জন্য জেলা পর্যায়ে গঠিত কমিটির নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করবে এবং মন্ত্রিসভার জন্য একটি প্রতিবেদন প্রণয়ন করবে।

(২) কমিটি মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তটির বাস্বায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত প্রতিমাসের শেষ কর্মদিবসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতব্য বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদনটি পরীক্ষা করবে।

(৩) জেলা পর্যায়ে গঠিত এতদসংক্রান্ত কমিটির কাজের সার্বিক অগ্রগতি পর্যালোচনা করবে।

২। সমাজসেবা অধিদফতর এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। কমিটি প্রয়োজনবোধে যেকোন সংশ্লিষ্ট কর্মকর্তাকে কমিটিতে কো-অফট করতে পারবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-(মোঃ রফিকুল আলম)
সচিব

বিতরণঃ

১। যুগ্ম-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

২। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৩। পরিচালক(কার্যক্রম),সমাজসেবা অধিদফতর,ঢাকা।

৪। উপ-পরিচালক(কার্যক্রম), সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব(প্রতিষ্ঠান), সমাজকল্যাণ মন্ত্রণালয়।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিষ্ঠান শাখা)।

নং-সকম/প্রতিঃশাঃ/ বয়স্কভাতা-১/২০০০(অংশ-১)-৩৭ তারিখঃ ২৪.১০.১৪০৭/০৬.০২.২০০১

''পরিপত্র''

বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা প্রদান নীতিমালা অনুযায়ী প্রত্যেক ইউনিয়নে এবং 'গ' শ্রেণীভূক্ত পৌরসভায় মোট ৯০ জনকে (৪৫ জন পুরুষ ও ৪৫ জন মহিলা) বয়স্কভাতা এবং ৪৫ জন বিধবাকে বিধবাভাতা দেয়া হয়ে থাকে। কিন্তু এসব ভাতা প্রদান কার্যক্রম শুর" করার পর কোন কোন ইউনিয়নের সকল ওয়ার্ড অথবা সংলগ্ন অন্য এক বা একাধিক ইউনিয়নের পুর্ণ বা আংশিক ওয়ার্ড নিয়ে নতুনভাবে 'গ' শ্রেণীভূক্ত পৌরসভা গঠিত/ পুনর্গঠিত হওয়ার ফলে নবগঠিত / পুনর্গঠিত এসব 'গ' শ্রেণীভূক্ত পৌরসভার জন্য বয়স্কভাতা বা বিধবা ভাতার নির্ধারিত কোটা অতিক্রান্ত করার বিষয়টি এ মন্ত্রণালয়ের গোচরীভূত হয়েছে। এসব ভাতা প্রদানের নীতিমালায় যেহেতু ভাতাভোগীদেরকে আজীবন ভাতা দেয়ার বিধান রয়েছে সেহেতু ভাতাভোগীদের নির্ধারিত কোটা অতিক্রান্ত হওয়া সত্বেও ভাতাভোগীদের মৃত্যু না হওয়া অবধি নির্ধারিত কোটায় কমিয়ে আনা সম্ভব হচ্ছেনা।

২। এ বিষয়টি বয়স্কভাতা এং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের মধ্যে ভাতা বিতরণ কর্মসূচী সমূহের সার্বিক তত্ত্বাবধানের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটির গত ১০.১০.২০০০ তারিখে অনুষ্ঠিত বৈঠকে উপস্থাপিত হয় এবং এ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

''৫। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতঃপর সিদ্ধান্ত হয় যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী মহোদয়ের অনুমোদন নিয়েই সমাজকল্যাণ মন্ত্রণালয় এসব বিষয় চূড়ান্ত করবে। তবে এরূপ 'গ' শ্রেণীভূক্ত পৌরসভা সমূহকে লক্ষ্য রাখতে হবে যে, এসব অতিরিক্ত লোক এরূপ ভাতার সুবিধা পাচ্ছেন তাদের মৃত্যুজনিত কারণে সৃষ্ট শুন্য আসনে অন্য কাউকে ভাতা প্রদানের জন্য গ্রহণ করা যাবে না এবং ক্রমান্বয়ে এপ্রক্রিয়ার মাধ্যমে ভাতাপ্রাপ্তদের সংখ্যা প্রতি ওয়ার্ডে নীতিমালা অনুযায়ী ১০(দশ) জনে নামিয়ে আনতে হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয় জর"রী ভিত্তিতে এবিষয়ে একটি পরিপত্র জারী করবে।

৩। উপরোক্ত সিদ্ধান্তটি সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-০৬.০২.২০০১
(মোঃ মোখলেছুর রহমান)
সহকারী সচিব(প্রতিঃশাখা
ফোন নং-৮৬১৮০৬০

বিতরণঃ

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,....................................(সকল)।
৩। উপজেলা নির্বাহী কমকর্তা ....উপজেলা......................... জেলা।
৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা............................. উপজেলা .... জেলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিষ্ঠান শাখা)।

নং-সকম/প্রতিঃশাঃ/বয়স্কভাতা-৯/৯৯/৪১২/ তারিখঃ ২১.৫.১৪০৭/০৫.৯.২০০০।

প্রেরক ঃ মোঃ মোখলেছুর রহমান
সহকারী সচিব।

প্রাপক ঃ উপ-পরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
জেলা

বিষয় ঃ বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা ইউনিয়ন/'গ' শ্রেণীভূক্ত পৌরসভা পর্যায়ে বিতরনের অধিকতর সুবিধার্থে বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শাখার তালিকা প্রেরণ প্রসংগে।

সরকার প্রবর্তিত বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা-প্রদান কার্যক্রম অধিকতর বিকেন্দ্রীকরণ এবং সুবিধাভোগী জনগণের দ্বারগোড়ায় পৌছানোর লক্ষে সরকার বিভিন্ন অঞ্চলে অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শাখা সমূহকেও ব্যবহারের ব্যাপারে সক্রিয়ভাবে বিবেচনা করছে।

২। এ প্রেক্ষিতে ছক মোতাবেক তাঁর জেলাধীন সকল উপজেলা/'গ' শ্রেণীভূক্ত পৌর সভা এবং ইউনিয়ন সমূহে অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী উন্নয়ন ব্যাংকের শাখা সমূহের তালিকা আগামী ৩০.৯.২০০০ তারিখের মধ্যে বিশেষ অগ্রাধিকার ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এ প্রসংগে উল্লেখ্য যে, বর্তমানে সরকার সোনালী/জনতা/অগ্রণী ব্যাংকের বিভিন্ন শাখার মাধ্যমে বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা বিতরণ করে আসছে। যদি বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কোন শাখা 'গ' শ্রেণীভূক্ত পৌরসভা বা ইউনিয়নে অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী ব্যাংকের শাখা হতে সুবিধাভোগীদের অধিকতর নিকটে থাকে, শুধুমাত্র সেক্ষেত্রেই বাংলাদেশ কৃষি ব্যাংক বা রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের বিভিন্ন শাখা ব্যবহারের প্রস্তাব করা যেতে পারে। সরকারের আন্তরিক উদ্দেশ্য হলো এসব ভাতা প্রদান জনগণের যথাসম্ভব দ্বারপ্রান্তে পৌঁছে দেয়া এবং জনগণ যাতে এরূপ ভাতা গ্রহণের জন্য যথাসম্ভব অধিক পথ অতিক্রম করতে না হয় সেবিষয়ে লক্ষ্য রাখা।

৪। এখানে উল্লেখ্য যে, সোনালী/জনতা/অগ্রণী ব্যাংকের কোন শাখার পরিবর্তে জনগণের সুবিধার্থে কোন ইউনিয়ন/'গ' শ্রেণীভূক্ত পৌরসভার জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক বা রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কোন শাখা প্রস্াব করা হলো তা সংযুক্ত ছকে খুবই পরিস্কারভাবে লেখার মাধ্যমে উল্লেখ করতে হবে।

৫। বিষয়টি খুবই জর"রী তাই নির্ধারিত তারিখের মধ্যে অতীব অগ্রাধিকার ভিত্তিতে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৬। এরূপ তালিকা প্রেরণের পূর্বে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি/ 'গ' শ্রেণীভূক্ত পৌরসভা কমিটির অনুমোদন এবং উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর অবশ্যই গ্রহণ করতে হবে।

স্বা/-
(মোঃ মোখলেছুর রহমান)
সহকারী সচিব(প্রতিঃশাখা)
ফোন নং-৮৬১৮০৬০।

অঃ পৃঃ দ্রঃ

নং-সকম/প্রতিঃশাঃ/বয়স্কভাতা-৯/৯৯/৪১২/ তারিখঃ ২১.৫.১৪০৭/০৫.৯.২০০০।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

২। ব্যবস্থাপনা পরিচালক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।

৩। মহাপরিচালক,
সমাজসেবা অধিদফতর,
ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।

৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।

৬। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ।

৭। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।

৮। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ।

৯। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।

১০। জেলা প্রশাসক,.........................(সকল)

১১। অত্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব
(সমাজকল্যাণ মন্ত্রণালয়)।

১২। সচিব মহোদয়ের একান্ত সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

স্বাক্ষরিতঃ-
(মোঃ মোখলেছুর রহমান)
সহকারী সচিব (প্রতিঃশাখা)
ফোন ঃ- ৮৬১৮০৬০।

নং-সসেঅদ/শাখা বঃ ও বিঃ ভাতা সেল/ন-১৮/১১১(১০০০)/২০০০ তারিখঃ ২৭.৯.২০০০ইং/১২.০৬.১৪০৭ বাং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,..................... তার জেলাধীন সকল কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)............................

৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, (সকল).....................

৪। অফিস কপি।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পরিচালক(কার্যক্রম)
সমাজসেবা অধিদফতর
সদর কার্যালয়, ঢাকা।

''ছক''

জেলার নাম ....

উপজেলার নাম ....

ক্রমিক	যে ইউনিয়নে বাংলাদেশ কৃষি ব্যাংক /রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শাখা অবস্থিত (শাখার শুদ্ধ বাংলা ও ইংরেজী নামসহ ঠিকানা)।	ঐ শাখা হতে উপরে বর্ণিত উপজেলার কোন কোন ইউনিয়নের বা 'গ' শ্রেণী পৌর সভার বয়স্কভাতা এবং বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা প্রাপকরা ভাতা গ্রহণ করলে তাদের অধিকতর সুবিধা হয়।	সোনালী/জনতা/অগ্রণী ব্যাংকের কোন শাখার পরিবর্তে এ ইউনিয়ন বা 'গ'শ্রেণীর পৌরসভার জন্য নতুন প্রস্তাব করা হলো তা পূর্ণাংগ উল্লেখ।	মন্তব্য
১	২	৩	৪	৫

উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব।

উপজেলা নিবাহী কর্মকর্তা
এবং
উপজেলা ভাতা বিতরণ কমিটির
সভাপতির স্বাক্ষর ও সীল।

অতি জরুরী

বিশেষ বাহক মারফত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

(প্রতিষ্ঠান শাখা)

নং-সকম/প্রতিঃশাঃ/মন্ত্রিসভাঃবৈঃ-১/২০০২ তারিখঃ ০৫-০৯-২০০৪ ইং।

বয়স্কভাতা প্রদান কর্মসূচী সার্বিক তত্ত্বাবায়নের জন্য মন্ত্রিসভা কমিটির ১১তম বৈঠক গত ১৯-০৮-২০০৪ ইং তারিখে মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

স্বাক্ষর/-(মোছাঃ কামারজাহান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৮০৬০।

বিতরণঃ

১। মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

২। মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৩। মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্তণালয়।

৪। মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্তণালয়, এলেনবাড়ী, তেজগাঁও,ঢাকা।

নং-সকম/প্রতিঃশাঃ/মন্ত্রিসভাঃবৈঃ-১/২০০২ -৫৩৭/১(২৫) তারিখঃ ০৫-০৯-২০০৪ ইং।

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ -

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।

৫। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক/জনতা ব্যাংক/অগ্রণী ব্যাংক/বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।

৬। মহাপরিচালক(প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

৭। মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

৮। যুগ্ম-সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৯। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

১০। অতিরিক্ত উপ-মহাহসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রণ (পদ্ধতি), ৪৩, কাকরাইল, ঢাকা।

স্বাক্ষরিত/-
০৫/০৯/০৪
(মোছাঃ কামার জাহান)
সিনিয়র সহকারী সচিব।

বয়স্কভাতা প্রদান কর্মসূচীর সার্বিক তত্ত্বাবধানের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটির ১১তম সভার কার্যবিবরণী।

বয়স্কভাতা প্রদান কর্মসূচীর সার্বিক তত্ত্বাবধানের জন্য গঠিত মন্ত্রিসভা কমিটির ১১তম সভা গত ১৯/৮/২০০৪ তারিখ দুপুর ১২.০০ টায় মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী জনাব মোঃ সাইফুর রহমান এর সভাপতিত্বে মন্ত্রিপরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্য ও কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক' তে প্রদান করা হলো।

সভায় উপস্থিত মন্ত্রিসভা কমিটির সম্মানিত সদস্যগণকে এবং সচিববৃন্দ ও অন্যান্য কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় তাঁর পরিচয় সভায় পেশ করে সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর মাননীয় সমাজকল্যাণ মন্ত্রী সভাকে জানান যে, জনসংখ্যার ভিত্তিতে মাঠ পর্যায়ে ভাতাভোগীদের সংখ্যা নির্ধারণ, গ্রাম সরকারের মাধ্যমে নতুন প্রায় ৫ লক্ষ ভাতাভোগী বাছাই এবং সাম্প্রতিক ভয়াবহ বন্যার কারণে গত অর্থ বছরে ভাতা বিতরণে কিছু বিলম্ব হয়েছে। তবে আগামী ৩০শে সেপ্টেম্বরের মধ্যে ভাতা বিতরণ সমাপ্ত করার জন্য ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আগামী অক্টোবর মাস থেকে চলতি অর্থ বছরের ভাতা বিতরণ শুরু করা হবে বলেও তিনি সভাকে অবহিত করেন। চলতি বছরের বাজেটে বয়স্কভাতা খাতে বরাদ্দ বৃদ্ধির জন্য তিনি সভাপতিকে আন্তরিক ধন্যবাদ জানান।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, জনাব আব্দুল মান্নান ভূঁইয়া বলেন, গ্রাম সরকারের মাধ্যমে ভাতাভোগী বাছাইয়ের বর্তমান পদ্ধতিতে সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যান এর সম্পৃক্ততা নেই। ফলে গ্রাম সরকারের প্রধানগণ সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের নিকট তালিকা প্রেরণ করে থাকেন। তিনি গ্রাম সরকারের প্রধান কর্তৃক সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যান এর মাধ্যমে ভাতাভোগীদের অগ্রাধিকার তালিকা উপজেলা কমিটিতে প্রেরণের পক্ষে অভিমত ব্যক্ত করেন।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী অধ্যাপক মোঃ রেজাউল করিম, বর্ধিত বরাদ্দের আওতায় প্রতিটি ইউনিয়নে ও ওয়ার্ডে জনসংখ্যার অনুপাতে সঠিকভাবে ভাতাভোগী বাছাইয়ের জন্য মতামত ব্যক্ত করেন।

অতঃপর আলোচ্য সূচী অনুসারে পর্যায়ক্রমে নিম্নরূপ বিষয়ক ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচ্য সূচী-১ ঃ
আলোচ্য বিষয় ঃ বিগত ১৩-১২-২০০৩ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ও অনুমোদন।

আলোচনা ঃ

সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় গত সভার কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন সম্পর্কে প্রতিবেদন পাঠ করার জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতরকে অনুরোধ জানালে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর প্রতিবেদন পাঠ করেন।

সিদ্ধান্ত ঃ গত ১০ম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

অঃপৃঃদ্রঃ

আলোচ্য সূচী-২ ঃ
আলোচ্য বিষয় ঃ ২০০৩-২০০৪ অর্থ বছরের জন্য বয়স্কভাতা বাবদ বরাদ্দকৃত ১৮০ কোটি টাকা ব্যয়ের হিসাব পর্যালোচনা।

আলোচনা ঃ গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০০৩-২০০৪ অর্থ বছরের জন্য বরাদ্দকৃত ১৮০ কোটি টাকা থেকে৪৪৮৭টি ইউনিয়নের প্রতি ওয়ার্ডে ১২জন হিসেবে ৬০টি 'ক'-শ্রেণীর পৌরসভার প্রতি ওয়ার্ডে ১জন হিসেবে ২৪টি 'খ' শ্রেণীর পৌরসভায় প্রতি ওয়ার্ডে ২জন হিসেবে এবং ১৪৫টি 'গ' শ্রেণীর পৌরসভার প্রতি ওয়ার্ডে ১০ জন হিসেবে মোট ৫০০৫৫২জন বয়স্ক ব্যক্তিকে মাথাপিছু মাসিক ১৫০/- টাকা হারে ভাতা প্রদান করা হয়। তাছাড়া, জনসংখ্যার ভিত্তিতে ৪৬৯টি উপজেলা, তেজগাঁও উন্নয়ন সার্কেল এবং ২৮৫টি পৌরসভায় মোট ৪৯৯৪৪৮ জন বয়স্ক ব্যক্তিকে ভাতা প্রদানের কার্যক্রম বর্তমানে শেষ পর্যায়ে রয়েছে। বরাদ্দকৃত ১৮০ কোটি টাকা খরচ প্রায় সমাপ্তির পর্যায়ে রয়েছে।

সিদ্ধান্ত ঃ ২০০৩-২০০৪ অর্থ বছরের জন্য বয়স্কভাতা বাবদ বরাদ্দকৃত ১৮০ কোটি টাকার অব্যয়িত অর্থ আগামী ৩০শে সেপ্টেম্বর/০৪ এর মধ্যে ভাতাভোগীদের নিকট বিতরণ সম্পন্ন করতে হবে।

আলোচ্য সূচী -৩ ঃ
আলোচ্য বিষয় ঃ ২০০৪-২০০৫ অর্থ বছরের জন্য বয়স্কভাতা বাবদ বরাদ্দকৃত ২৬০ কোটি টাকার বিভাজন।

আলোচনা ঃ ২০০৪-২০০৫ অর্থ বছরের জন্য বয়স্কভাতা বাবদ বরাদ্দকৃত ২৬০ কোটি বরাদ্দ করা হয়। ভাতার হার মাথাপিছু ১৫০/- টাকা থেকে ১৬৫/- টাকায় এবং ভাতাভোগীর সংখ্যা ১০ লক্ষ থেকে ১২ লক্ষে উন্নীত করার কথা মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী বাজেট বক্তৃতায় ঘোষণা দেন। কিন্তু ২৬০ কোটি টাকা দ্বারা মাথাপিছু মাসিক ১৬৫/- টাকা হারে আরো ১,১৩,১৩১ জনকে ভাতা দেয়া সম্ভব হবে। এ লক্ষ্যে এ কর্মসূচী বাস্তবায়নে আনুষংগিক ব্যয় খাতে কোন অর্থ বরাদ্দ না থাকায় বয়স্কভাতা বিতরণ সংক্রান্ত কাজ সম্পাদনে অসুবিধার সম্মুখীন হতে হয়। এ প্রেক্ষিতে মাসিক মাথা পিছু ১৬৫/- টাকা হারে মোট ১৩,১০,০০০ জন ভাতাভোগীর মধ্যে ২৫৯,৩৮,০০,০০০/- টাকা বিতরণ করে অবশিষ্ট ৬২ লক্ষ টাকা আনুষংগিক খাতে ব্যয় করার জন্য মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর সভায় প্রস্তাব পেশ করেন।

এ প্রসংগে সভাপতি সভাকে জানান যে, ভাতা খাতে বরাদ্দকৃত অর্থ আনুসংগিক খাতে ব্যয় করা সমীচীন হবে না। এজন্য প্রয়োজনে অর্থ বিভাগে আনুষংগিক খাতে অর্থ বরাদ্দের প্রস্তাব প্রেরণ করা হলে বিধি অনুযায়ী বিষয়টি বিবেচনা করা যেতে পারে। সাম্প্রতিক বন্যার বিষয়টি বিবেচনায় এনে ভাতা ভোগীর সংখ্যার সংখ্যা বৃদ্ধি করা হলে বন্যার্ত জনগণের পুনর্বাসনে সহায়তা করা হবে মর্মে সভাপতি অভিমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ দেশের সাম্প্রতিক বন্যার ক্ষয়ক্ষতি বিবেচনা করে ২০০৪-২০০৫ অর্থ বছরে ভাতাভোগীর সংখ্যা (১২ লক্ষ থেকে আরো ১ লক্ষ ১৫ হাজার বৃদ্ধি করে) ১৩ লক্ষ ১৫ হাজারে উন্নীত করা হয়। মোট ১৩ লক্ষ ১৫ হাজার বয়স্ক বাক্তিকে মাসিক ১৬৫/- টাকা হারে ১২ মাসে ভাতা প্রদানের জন্য (১৩,১৫,০০,০০০ জন×১৬৫/-টাকা ×১২মাস)= ২৬০,৩৭,০০,০০০/- টাকা প্রয়োজন হবে। সে কারণে বাজেটে বরাদ্দকৃত ২৬০ কোটি টাকার অতিরিক্ত ৩৭লক্ষ টাকা প্রয়োজন থাকায় বয়স্কভাতা খাতে অতিরিক্ত ৩৭লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হবে। অতিরিক্ত ৩৭ লক্ষ টাকা বরাদ্দের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় অর্থ বিভাগে প্রস্াব প্রেরণ করবে। বয়স্কভাতা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে আনুষংগিক খাতে ব্যয়ের জন্য কোন অর্থ না রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে, আনুষংগিক খাতে অথ বরাদ্দে জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে অর্থ বিভাগে পৃথক প্রস্তাব পাঠাতে হবে এবং অর্থ বিভাগ কর্তৃক তা বিবেচিত হবে।

২০০৪-২০০৫ অর্থ বছরের জন্য বয়স্কভাতা খাতে বরাদ্দকৃত অর্থ জনসংখ্যার আনুপাতিক হারে বিতরণ করতে হবে।

অঃ পৃঃদ্রঃ

আলোচ্য সূচী- ৪ ঃ
আলোচ্য বিষয় ঃ নির্বাচন সম্পন্ন হয়নি এমন পৌরসভার ওয়ার্ড কমিটির সভাপতির দায়িত্ব পালন প্রসংগে।

আলোচনা ঃ পৌরসভায় বয়স্কভাতা প্রদান সংক্রান্ত পরিপত্রে পৌরওয়ার্ড কমিটিতে সংশ্লিষ্ট ওয়ার্ডের নির্বাচিত পুরুষ/মহিলা কমিশনারকে সভাপতি করা হয়েছে। কিন্তু যে সমস্ত পৌরসভার সীমানা নির্ধারণ ও নির্বাচন সম্পন্ন হয়নি সে সব ক্ষেত্রে ওয়ার্ড কমিটির সভাপতি নির্বাচন না হওয়ায় ভাতাভোগী নির্বাচনে সমস্যা দেখা দিচ্ছে। এ ধরণের পৌরসভার ক্ষেত্রে ওয়ার্ড কমিটির সভাপতির দায়িত্ব পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিবকে দেয়া যেতে পারে মর্মে সভায় আলোচিত হয়।

সিদ্ধান্ত ঃ যে সমস্ত পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হয়নি সে সমস্ত পৌরসভায় ওয়ার্ড কমিটির সভাপতি হিসেবে পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব দায়িত্ব পালন করবেন।

আলোচ্য সূচী-৫ ঃ
আলোচ্য বিষয় ঃ বয়স্কভাতার নীতিমালার সংশোধনী অনুমোদন।

আলোচনা ঃ সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় জানান যে, মন্ত্রণালয়ের পরিপত্র নং- সকম/প্রতিঃশাঃ/মন্ত্রিসভা বৈঠক-
১/২০০২-২৯৭ তারিখঃ ২২/০৫/২০০৪ এর মাধ্যমে ভাতা প্রার্থীর বয়স সীমা সংক্রান্ত বিদ্যমান নীতিমালা সংশোধনক্রমে সর্বনিম্ন ৬০ বছরের পরিবর্তে সর্বনিম্ন ৬৫ বছর নির্ধারণ করা হয়েছে। পরিপত্রটি অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ পরিপত্রটি জারীর তারিখ থেকে ঘটনাত্তোর (Post facto) অনুমোদন করা হলো।

আলোচ্য সূচী-৬ঃ
বিবিধ আলোচনা - (ক) ঃ প্রতি বছর ভাতাভোগীদের মধ্যে কতজন মৃত্যুবরণ করেন সে বিষয়ে তালিকা প্রণয়ন করে মন্ত্রিসভা কমিটির সভায় পেশ করা প্রয়োজন মর্মে সভাপতি অভিমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত ঃ প্রতি বছর মৃত্যুবরণকারী ভাতাভোগীদের তালিকা প্রণয়ন পূর্বক পরবতী সভায় মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর পেশ করবেন। তাছাড়া, মৃত ভাতাভোগীর স্থলে যথা সময়ে বিধি মোতাবেক নতুন ভাতাভোগী নির্বাচন করে ভাতা প্রদান করতে হবে। মাঠ পর্যায় থেকে ৬ মাস পর পর এ ধরণের নতুন ভাতাভোগীর তালিকা সমাজসেবা অধিদফতরে প্রেরণ করতে হবে।

বিবিধ আলোচনা - (খ) ঃ ভাতা বিতরণের দায়িত্বে নিয়োজিত ব্যাংক সমূহের প্রধান কার্যালয় থেকে মাঠ পর্যায়ে ব্যাংকের শাখাগুলিতে অর্থ ছাড়করণে অনেক সময় বিলম্ব হওয়ায় ভাতা বিতরণে বিলম্ব হয়। তাছাড়া ব্যাংক নিয়মিত ভাতা বিতরণের মাসিক প্রতিবেদনও দাখিল করে না।

সিদ্ধান্ত ঃ বয়স্কভাতা বিতরণের দায়িত্বে নিয়োজিত ব্যাংকের প্রধান কার্যালয় থেকে শাখা পর্যায়ে দ্রুত অর্থ ছাড়করণে সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকগণ তৎপর হবেন। তাছাড়া প্রতিমাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী মাসের ব্যয়ের প্রতিবেদন সংশ্লিষ্ট কমিটির সভাপতির নিকট দাখিল করবেন।

অঃ পৃঃ দ্রঃ

বিবিধ আলোচনা - (গ) ঃ মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর সভাকে অবহিত করেন যে, ১৯৯৯ সনে বয়স্কভাতা নীতিমালা পুস্তিকা আকারে প্রকাশের পর বিভিন্ন সময়ে নীতিমালার সংশোধনী জারী করা হয়েছে। তাছাড়া, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা প্রদান কার্যক্রমটি এখন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় থেকে পরিচালনা করা হয়ে থাকে । তাই বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা সংক্রান্ত নীতিমালা বাদ দিয়ে একটি পৃথক নীতিমালা পুনঃমুদ্রণ করা আবশ্যক।

সিদ্ধান্ত ঃ নীতিমালা সংশোধনীসহ হালনাগাদ করে পুনঃমুদ্রণের প্রস্তাব অনুমোদিত।

পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-
(মোঃ সাইফুর রহমান)
সভাপতি
বয়স্কভাতা প্রদান কর্মসূচী সার্বিক তত্ত্বাবধানের
জন্য গঠিত মন্ত্রিসভা কমিটি
ও
মন্ত্রী
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়।
০২/০৯/০৪